



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট

Web: www.sylhetboard.gov.bd, Email:sbcontroller16@gmail.com

স্মারক নং : সিশিবো/পরীক্ষা/মাধ্য/২০২৬/৯১২

তারিখ :

০১২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয় : ২০২৬ সালের এসএসসি পরীক্ষা নকলমুক্ত, সুষ্ঠু ও নিরাপদ পরিবেশে সম্পাদনের লক্ষ্যে কেন্দ্র সচিব কর্তৃক কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা আগামী ২১/০৪/২০২৬ থেকে অনুষ্ঠিত হবে। পরীক্ষা নকলমুক্ত, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পাদনের লক্ষ্যে নিম্নোক্ত কার্যক্রম জরুরী ভিত্তিতে গ্রহণ/হালনাগাদ করা প্রয়োজন।

১. কেন্দ্রের নাম, কেন্দ্র কোড ও ঠিকানা ;
২. ভেন্যু প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ; (প্রয়োজ্য ক্ষেত্রে)
৩. পরীক্ষার্থীর সংখ্যা ;
৪. পরীক্ষা পরিচালনা নীতিমালা অনুযায়ী ডেস্ক ও বেঞ্চ আছে কি না ;
৫. সীমানা প্রাচীর আছে কি না ;
৬. পরীক্ষা কেন্দ্রটি বাধ্যতামূলক সিসি ক্যামেরার আওতায় আছে কি না ;
৭. অভ্যন্তরীণ ও বহিঃ নিরাপত্তার দিক থেকে কেন্দ্রটি ঝুঁকিপূর্ণ কি না ;
৮. ঝুঁকিপূর্ণ হলে তা নিরসনে প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি না ; (প্রয়োজনে আলাদা কাগজে বর্ণনা)
৯. পর্যাপ্ত আলো বাতাসের ব্যবস্থা আছে কি না ;
১০. পরীক্ষা কেন্দ্রে সেনিটেশনের ব্যবস্থা আছে কি না ;
১১. বিদ্যুতের বিকল্প হিসাবে সার্বক্ষণিক জেনারেটর ব্যবস্থা আছে কি না ?
১২. ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় ল্যাব সুবিধা আছে কি না ;
১৩. প্রশ্নপত্রের নিরাপত্তার বিষয়ে গৃহীত প্রদক্ষেপের বিষয়ে তাঁর মতামত ; (প্রয়োজনে আলাদা কাগজে বিবরণ)
১৪. অলিখিত উত্তরপত্র সংরক্ষণের জন্য স্ট্রিং রুম আছে কিনা ;
১৫. উত্তরপত্র ডাকযোগে প্রেরণের প্রক্রিয়ার সাথে জড়িত কর্মকর্তা/শিক্ষকের নামের তালিকা ও মোবাইল নম্বর প্রদান ;
১৬. কেন্দ্রে সুপেয় পানির ব্যবস্থা আছে কি না ;
১৭. পরীক্ষার সাথে সংশ্লিষ্ট নয়, এমন ব্যক্তিবর্গ/শিক্ষক-কর্মচারী কেন্দ্রে অবস্থান করতে পারবে না।
১৮. সংশ্লিষ্ট বিষয়ের পরীক্ষার দিন ঐ বিষয়ের শিক্ষক দায়িত্ব পালন করতে পারবেন না।

এমতাবস্থায়, উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক প্রতিবেদন আগামী ১০/০৪/২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষারকারীর ই-মেইল sbcontroller16@gmail.com এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


M Saiful Islam
Deputy Controller of Examinations
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
Secondary Education
Sylhet

কেন্দ্র সচিব

সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা কেন্দ্র-২০২৬।

সদয় অবগতির জন্য অনুলিপি

১. জেলা প্রশাসক, সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৩. সংরক্ষণ নথি।